মেহেরপুরের সুবিদপুরে বঙ্গবন্ধু হা-ডু-ডু টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর গ্রামবাসীর উদ্যোগে সুবিদপুর উওরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত বঙ্গবন্ধু হা- ডু-ডু টুর্নামেন্টে অনুষ্ঠিত হয়।

টুর্নামেন্টে আশরাফপুর দল চ্যাম্পিয়ন এবং রাজনগর দল রানার্সআপ হয়। টুর্নামেন্ট শেষে বিজয়ী দলের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। জেলা যুবলীগের যুগ্ম আহŸ◌ায়ক সরফরাজ হোসেন মৃদুলের সভাপতিত্বে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামি লীগের যুগ্ম সম্পাদক এ্যাড.ইব্ররাহিম শাহীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইদ্রিস আলী মাষ্টার, সাধারণ সম্পাদক মো: বাবুল আক্তার।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে গোভীপুর ভৈরব ক্লাব ফুটবলে আমঝুপি শিশু কিশোর সংঘ ফাইনালে

মেহেরপুর সদর উপজেলা গোভীপুর ভৈরব ক্লাব ফুটবল টুর্নামেন্টে আমঝুপি শিশু কিশোর সংঘ ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

গতকাল শুক্রবার বিকালে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত প্রথম সেমিফাইনাল খেলায় আমঝুপি শিশু কিশোর সংঘ ১-০ গোলে ভাটপাড়া একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পিন্টু জয়সূচক গোলটি করে।

শহীদ রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনালে রবাক্স ক্লাবের জয়লাভ

মেহেরপুরে শহীদ মিজানুর রহমান স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় ৪-৩ ব্যবধানে গোল্ড কিংস ক্লাব পরাজিত করে শিরোপা জিতেছে রবাক্স ক্লাব। শনিবার বিকালে ফাইনাল খেলাই পুরো অংশ গোল শূন্য থাকায় ট্রাইব্রেকারে গড়াই খেলাটি।

খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন, সিটি ব্যাংক মেহেরপুর শাখার জেনারেল ম্যানেজার মোস্তফা আহম্মেদ মিলন, ২ নং কাউন্সিলর আল মামুন প্রমুখ।

পুরাতন পোষ্ট অফিস পাড়া যুব সংঘ এই খেলার আয়োজন করে। খেলা পরিচালনা কমিটির আহবাহয়ক ছিলেন সিফাত যুগ্ম আহবায়ক ছিলেন আল সাবিদ।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুরের আমঝুপিতে মরহুম

আজিজুর রহমান স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি পাবলিক ক্লাব ও লাইব্রেরীর উদ্যোগে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত মরহুম আজিজুর রহমান স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।
শুক্রবার বিকেলে অবসরপ্রাপ্ত শিক্ষক মাসুদুল আলম টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় তিনি উভয় দলের খেলোয়াড়দের সাথে পরিচিত হন। আমঝুপি পাবলিক লাইব্রেরীর সহ-সভাপতি আকবর আলী, সম্পাদক সাইদুর রহমান, সাইদুল ইসলাম, কানাই, সোহেল রানা, সবুজ, সাগর, ফয়জুল কবীর প্রমুখ উপস্থিত ছিলেন।
মরহুম আজিজুর রহমান স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ১৬ টি দল অংশ গ্রহন করছে। উদ্বোধনী খেলায় কুষ্টিয়ার মীরপুর ছত্রগাছা নবরন সংঘ টাইব্রেকারে ৩-১ গোলে দামুড়হুদা একদশকে পরাজিত করে।
নির্ধারিত সময়ে খেলাটি গোল শূন্য ড্র হওয়ায় টাইব্রেকারের মাধ্যমে নিস্পত্তি করা হয়। খেলায় কুষ্টিয়ার মীরপুর ছত্রগাছা নবরন সংঘের পক্ষে চঞ্চল, সাহেব ও জীবন এবং দামুড়হুদা একদশের পক্ষে তুষার গোল করেন।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুরে ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ভবন্দপুর আশরাফপুর একাদশ জয়ী

মেহেরপুর সদর উপজেলা মোমিনপুর ডায়মন্ড ক্লাবের উদ্যোগে মোমিনপুর মাঠে অনুষ্ঠিত ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ভবন্দপুর আশরাফপুর একাদশ জয়লাভ করেছে।

বৃহস্পতিবার অনুষ্ঠিত খেলায় ভবন্দপুর আশরাফপুর একাদশ ২-০ গোলে

বামুন্দী একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের খাদেমুল ও সুবেল ১টি করে গোল করেন। খেলায় খাদেমুল সেরা খেলোয়াড় নির্বাচিত হন।

খেলা শেষে জেলা পরিষদের সদস্য রকিবুল ইসলাম পুরস্কার বিতরণ করেন । এসময় মোমিনপুর ডায়মন্ড ক্লাবের সভাপতি জয়নাল আবেদীন, সম্পাদক রিপন, এসআই আব্বাস আলী, ইউপি সদস্য আরমান আলী উপস্থিত ছিলেন।
— নিজম্ব প্রতিনিধি

বাংলাদেশে আসছে না অজিরা

দীর্ঘদিন ধরে অস্ট্রেলিয়ার সাথে ঘরের মাটিতে সীমিত ওভারের কোনো সিরিজ খেলে নি বাংলাদেশ। আলোচনা চলছিল এ বছরের অক্টোবরে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলতে বাংলাদেশে আসবে অজিরা। কিন্তু জানা গেল, সিরিজটি হচ্ছে না।
সোমবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে বিসিবির পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। তবে আগামী বছর টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে সিরিজটি অনুষ্ঠিত হবে। এছাড়া অস্ট্রেলিয়ার বিপক্ষে ফেব্রুয়ারিতে তিন ম্যাচের টেস্ট সিরিজটিও পিছিয়ে যাচ্ছে। সিরিজটি অনুষ্ঠিত হবে আগামী জুন-জুলাইয়ে।
উল্লেখ্য, এর আগে সবশেষ ২০১৭ সালে দু’টি টেস্ট খেলতে বাংলাদেশে আসে অজিরা। যেখানে প্রথম ম্যাচে অজিদের বিপক্ষে প্রথমবারের মতো টেস্টে দারুণ জয় পায় সাকিবরা। পরের ম্যাচ জিতে অবশ্য সমতায় শেষ হয় সিরিজ।

মেপ্র/স্পোর্টস ডেস্ক

ভারতের সঙ্গে ড্র করে সেমিফাইনালে বাংলাদেশ

সাফ অনূর্ধ্ব-১৮ চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে উঠেছে বাংলাদেশ। আজ (সোমবার) নেপালের কাঠমান্ডুতে নিজেদের দ্বিতীয় ম্যাচে ভারতের বিপক্ষে গোলশূন্য ড্র করে গ্রুপ থেকে প্রথম দল হিসেবে সেমিফাইনাল নিশ্চিত করেছে।
বুধবার ভারত ও শ্রীলংকার মধ্যেকার ম্যাচের ওপর নির্ভর করছে ‘বি’ গ্রুপ থেকে দ্বিতীয় দল হিসেবে শেষ চারে উঠবে কারা। বাংলাদেশ প্রথম ম্যাচে শ্রীলংকাকে ৩-০ গোলে হারিয়েছে। দুই ম্যাচে ৪ পয়েন্ট নিয়ে সেমিফাইনালের টিকিট নিশ্চিত করেছে লাল-সবুজ জার্সিধারীরা।
ভারত ড্র করলেই সঙ্গী হবে সেমিফাইনালের। আর শ্রীলংকাকে হবে জিততে। ‘এ’ গ্রুপ থেকে সেমিফাইনাল নিশ্চিত করেছে ভুটান। টুর্নামেন্টের আগের দুইবারের চ্যাম্পিয়ন নেপাল আছে বিপদে। মালদ্বীপের সঙ্গে ড্র করে এবং ভুটানের সঙ্গে হেরে তারা এখন গ্রুপের শেষ ম্যাচের অপেক্ষায়। ভুটানের কাছে মালদ্বীপের বড় ব্যবধানের হারই টুর্নামেন্টে টিকিয়ে রাখতে পারে স্বাগতিকদের।

মেপ্র/স্পোর্ট ডেস্ক

মেহেরপুরে ক্ষুদে ক্রিকেটার বাঁছাইয়ের লক্ষে কার্যক্রম শুরু

দেশব্যাপী ক্ষুদে ক্রিকেটার বাছাইয়ের লক্ষে ট্যালেন্ট হান্ট কার্যক্রম ১ম পর্ব মেহেরপুরে বাস্তবায়নের জন্য জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারের সাথে সৌজন্যে সাক্ষাৎ করেছেন জেলা ট্যালেন্ট হান্ট কার্যক্রমের ভলেন্টিয়ারা।

আজ সোমবার বিকালে পৃথক ভাবে জেলা প্রশাসক মো: আতাউল গনি ও জেলা শিক্ষা অফিসার শাহিন আক্তারের সাথে সাক্ষাৎ করেন ভলেন্টেয়িাররা। এসময় জেলা প্রশাসক ও জেলা শিক্ষা অফিসারের নিকট ট্যালেন্ট হান্ট কার্যক্রমের জার্সি হস্তানর করেন প্রতিনিধি দল।

ট্যলেন্ট হান্ট কার্যক্রমের আঞ্চলিক প্রতিনিধি এসএম মুজাহিদ আল মুন্নার নেতৃত্বে অন্যদের মধ্যে জেলা ভলেন্টিয়ার আতিক স্বপন, ভলেন্টিয়ার এজেডএম তৌহিদুল আজম, শাব্বির হোসেন শিশির, আব্দুল মান্নাফ, মেহেদী হাসান শিমুল উপস্থিত ছিলেন।

জাতীয় ক্রীড়া পরিষদ ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সার্বিক সহযোগিতায় ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড এ কার্যক্রম বাস্তবায়ন করছে।

চুয়াডাঙ্গায় বঙ্গমাতা জাতীয় গোল্ডকাপ ফুটবল টূর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেচ্ছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল অনূর্ধ-১৭, ২০১৯ এর বালিকা বিভাগের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ সম্পন্ন হয়েছে।

ফাইনালে দামুড়হুদা উপজেলা বালিকা দল ২-০ গোলে আলমডাঙ্গা উপজেলা বালিকা দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

শুক্রবার দুপুর ১২টায় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে প্রতিযোগিতার ফাইনাল শেষে চ্যাম্পিয়ন-রানার আপ দলের হাতে পুরস্কার তুলে দেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

চ্যাম্পিয়ন দলের পক্ষে গোল করে ফাগুন ও বেবী। এ ছাড়া টূর্নামেন্ট সেরা নির্বাচিত হয় রানার আপ দলের অধিনায়ক বিদিশা, ম্যান অব দি ফাইনাল ফাগুন ও সর্বোচ্চ গোলদাতার পুরস্কার লাভ করে চ্যাম্পিয়ন দলের দলনায়ক বেবী।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) খোন্দকার ফরহাদ আহম্মদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইয়াহ্ ইয়া খান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মনিরা পারভীন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকন, এনডিসি সিব্বির আহম্মেদ, নির্বাহী ম্যাজিস্ট্রেট খাইরুল ইসলাম, জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহাম্মেদ প্রমুখ।

বিকেল ৫টায় একই মাঠে চুয়াডাঙ্গা জেলা পর্যায়ের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নমেন্টের বালক বিভাগের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুরে বঙ্গবন্ধু অনুর্দ্ধ ১৭ ফুটবল টুর্নামেন্টে সদর উপজেলা ফাইনালে

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় অনুদ্ধ ১৭ ফুটবল টুর্নামেন্টের জেলা পর্যায়ের খেলায় সদর উপজেলা জয়লাভ করেছে।
বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত খেলায় সদর উপজেলা ৩-০ গোলে পৌর একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পক্ষে শিমুল, মুস্তাফিজ ও মহাব্বত ১টি করে গোল করেন। সদর উপজেলা দল আগামি শনিবার ফাইনালে গাংনী উপজেলা দলের সাথে খেলবে।

নিজস্ব প্রতিনিধি